# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 27 May, 2025

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (২৭ মে) সকাল ১১টায় উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল আওয়াল বিশ্ববিদ্যায়ের প্রধান রাস্তার পাশে কাঠ বাদামের গাছ লাগিয়ে এই কর্মসূচির উদ্বোধন করেন। পরে সকলের অংশগ্রহণে বেশকিছু গাছ লাগানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন, উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান।এছাড়াও বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, প্রক্টর, ছাত্র উপদেষ্টা, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

মাসব্যাপী এই কর্মসূচিতে বৃক্ষরোপণ কমিটির লে-আউটের মাধ্যমে পুরো ক্যাম্পাসে পরিকল্পিতভাবে ৭০ প্রজাতির দুর্লভ ঔষধি, বনজ, ফল ও ফুলের এক হাজার গাছ রোপন করা হবে।

বৃক্ষরোপণ উদ্বোধন শেষে উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল আওয়াল বলেন, ‘বিশ্ববিদ্যালয়ে পরিকল্পিতভাবে গাছ লাগানো শুরু হলো। পরিবেশের ভারসাম্য রক্ষা ও সৌন্দর্য বর্ধনের জন্য পুরো ক্যাম্পাসে বৃক্ষরোপণ করা হবে।ফুল, ফল, বনজসহ সকল ধরনের বৃক্ষরোপণ করা হবে।বৃক্ষরোপণ কর্মসূচির সাথে যারা জড়িত, তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন উপাচার্য।

তিনি বলেন, 'বিশ্ববিদ্যালয়ের প্রতিটি স্তরে আমরা পরিবর্তন লক্ষ করছি।এই পরিবর্তনের জন্য

আপনারা সবাই একসাথে কাজ করছেন এবং বিশ্ববিদ্যালয়ের গুণগত পরিবর্তন হচ্ছে। এক সময় এই বিশ্ববিদ্যালয় বাংলাদেশের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয় হবে।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, 'পরিবেশের ভারসাম্য রক্ষা ও ক্যাম্পাসের সৌন্দর্য বৃদ্ধির জন্য ফুল, ফলসহ বিভিন্ন ধরনের গাছ লাগানো হবে। সারা দেশ থেকে নানা জাতের গাছের চারা সংগ্রহ করা হচ্ছে এবং সেগুলো পরিকল্পিতভাবে লাগানো হবে।

বৃক্ষরোপণ কর্মসূচি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:04

URL: https://www.timestodaybd.com/rajshahi/3030241957